


মাদারীপুর জেলাধীন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সংক্রান্ত  
স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোসাঃ নারগিস আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।  
তারিখ : ১২-১-২০২২ খ্রি:  
সময় : সকাল ১১:৩০ হতে দুপুর ১২:৩০ টা।  
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভা	আলোচনার শুরুতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে আগামী মাসের প্রথম সপ্তাহে কুমির ট্যাবলেট বিতরণ কর্মসূচি চলবে। নির্দিষ্ট বয়সের সকল শিশু যাতে কুমির ট্যাবলেট খেতে পারে সেলক্ষ্যে তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। ইউনিয়ন ভিত্তিক কুমির ট্যাবলেট বিতরণের ক্যাম্প কোথায় কোথায় বসবে তার তালিকা সমন্বিত চিঠি প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে প্রদান করে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান-এর সহযোগিতায় শতভাগ লক্ষমাত্রা অর্জন করতে হবে। তাছাড়া প্রত্যেক বিদ্যালয়ের শিক্ষক যাতে শিশুদের কুমির ট্যাবলেট শিশুদের খাইয়ে উপজেলা শিক্ষা অফিসে তথ্য প্রদান করেন সে বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তার সহযোগিতা প্রয়োজন।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারীপুর সদর

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোসাঃ নারগিস আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি  
সদর, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর।

মাদারীপুর জেলাধীন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সংক্রান্ত  
স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোসাঃ নারগিস আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।  
তারিখ : ৯-৩-২০২২ খ্রি:  
সময় : সকাল ১১:৩০ হতে দুপুর ১২:৩০ টা।  
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভা	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৪৩৯ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৭৪৮ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬৯৮ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৫৬ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০০ টি, মৃত জন্ম ০১ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫৭০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১১৭ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১৫ টি ইউনিয়নে মোট ৩২ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে উচও কাজের অর্জন ১০০%। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিচালনা কর্মকর্তা, মাদারীপুর সদর

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ নারগিস আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান

ও  
সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি  
সদর, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ  
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, মাদারীপুর।  
২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মাদারীপুর।